বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা'র দপ্তর
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০৩৭.৯৯.০০১০.২৫.২৫০

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: ডিপিপি অনুমোদনের বিভিন্ন পর্যায়ে ডিপিপি'র মূলকপি, জনবল প্রস্তাব, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধিরপ্রস্তাব দাখিল প্রসঙ্গে।**

সূত্র: (১) পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০০০.০৪৪.২০.০০০২.২১.২১২, তারিখঃ ০৬-১১-২০২৫ খ্রিঃ।
(২) পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০০০.০৪৪.২০.০০০২.২১.২১৭, তারিখঃ ১১-১১-২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িতব্য যে সকল প্রকল্পের উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে, ঐ সকল প্রকল্পের পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি'র কোন অংশে ফটোকপি মন্ত্রণালয় কর্তৃক গৃহীত হবে না। ডিপিপি'র সকল সংযোজনীয় মূলকপি এবং ডিপিপি প্রণয়নকারী কর্মকর্তার বল পয়েন্ট কলমের স্বাক্ষর ও সীলসহ মূলকপি দাখিল করতে হবে । একই সাথে 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা- জুন/২০২২' পরিপত্রের নির্দেশনা অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয় (সংযুক্তি-১)। এছাড়াও, বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ প্রাপ্তির পূর্বশর্ত হিসেবে অর্থ মন্ত্রণালয় হতে কোড প্রাপ্তির লক্ষ্যে যে সকল প্রকল্পের ডিপিপি অনুমোদনার্থে ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে সে সকল প্রকল্পের জনবল কাঠামোর প্রস্তাব ও সংযুক্তি (প্রতিটি ০৬ সেট করে) অতিসত্ত্বর মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয় (সংযুক্তি-২)। উল্লেখ্য, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দাখিলের ক্ষেত্রেও প্রস্তাবকারী কর্মকর্তার বল পয়েন্ট কলমের স্বাক্ষর ও সীলসহ মূলকপি দাখিল আবশ্যক।

এমতাবস্থায়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন ও বাস্তবায়িতব্য প্রকল্পের বিভিন্ন পর্যায়ে মন্ত্রণালয়ে ডিপিপি'র মূলকপি, জনবল কাঠামোর প্রস্তাব, ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দাখিলের ক্ষেত্রে উপরোল্লিখিত নির্দেশনা প্রতিপালনসহ নিম্নের ছক অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্র. নং | ডিপিপি'র ধরণ | মূলকপি'র সংখ্যা / প্রস্ত |
|---|---|---|
| ০১ | সম্ভাব্যতা সমীক্ষা/কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী বোর্ডে ১ম বার ডিপিপি দাখিল | ০১ |
| ০২ | বোর্ডে অনুষ্ঠিত ডিপিপি যাচাই সংক্রান্ত কারিগরি কমিটির সভার সিদ্ধান্তের আলোকে প্রস্তাবিত ডিপিপি দাখিল | ০৪ |
| ০৩ | পানি সম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত যাচাই সভার সিদ্ধান্ত প্রতিপালন পরবর্তী পুনর্গঠিত ডিপিপি দাখিল | ০৩ |
| ০৪ | পরিকল্পনা কমিশনের মতামত, পিইসি সভার সিদ্ধান্ত প্রতিপালন পরবর্তী পুনর্গঠিত ডিপিপি দাখিল | ০৩ |
| ০৫ | জনবল কাঠামোর প্রস্তাব ও সংযুক্তি দাখিল | ০৭ |
| ০৬ | ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব ও সংযুক্তি দাখিল | ০৭ |
| ০৭ | মন্ত্রণালয়ের যাচাই সভা/পিইসি সভার সিদ্ধান্তের আলোকে আরডিপিপি/আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়কৃত ডিপিপি দাখিল | ০৩ |

এ পত্র প্রেরণে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তি-১
(২) সংযুক্তি-২

২৩-১১-২০২৫
ড. শ্যামল চন্দ্র দাস
প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা
০২২২২২৩০২০০
cplanwdb@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব /পশ্চিম / পরিকল্পনা, নকশা ও গবেষণা, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী / অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), বাপাউবো।
৩। প্রকল্প পরিচালক (সকল), বাপাউবো।
৪। পিএমইউ ক্লাস্টার প্রজেক্ট, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা, (এই পত্রটি বাপাউবো ওয়েব সাইট www.bwdb.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)।

**স্মারক নম্বর:** ৪২.০১.০০০০.০০০.০৩৭.৯৯.০০১০.২৫.২৫০/১ (১)

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৬ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

২৩-১১-২০২৫
ড. শ্যামল চন্দ্র দাস
প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

তারিখ: ২১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৪৪.২০.০০০২.২১.২১২

**বিষয়: পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি দাখিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থা/অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িতব্য যে সকল প্রকল্পের উপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে, ঐ সকল প্রকল্পের পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপিটির কোন অংশে ফটোকপি গৃহীত হবে না। ডিপিপি'র সকল সংযোজনীর মূলকপি এবং ডিপিপি প্রণয়নকারী কর্মকর্তার বল পয়েন্ট কলমের স্বাক্ষর ও সীলসহ মূলকপি দাখিল করতে হবে। একই সাথে "সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন নির্দেশিকা- জুন/২০২২" পরিপত্রের নির্দেশনা অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৬-১১-২০২৫
মোঃ দেলোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, ৭২ গ্রীন রোড, ঢাকা।।
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট।
৫। সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ।

তারিখ: ২১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৬ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৪৪.২০.০০০২.২১.২১২/১ (১০)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
২। উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৫। উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৬। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পরিকল্পনা-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৪৪.২০.০০০২.২১.২১৭

তারিখ: ২৬ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১১ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ প্রাপ্তির পূর্বশর্ত হিসেবে অর্থ মন্ত্রণালয় হতে প্রকল্প কোড প্রাপ্তির লক্ষ্যে সে সকল প্রকল্পের জনবল কাঠামোর প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দ প্রাপ্তির পূর্বশর্ত হিসেবে অর্থ মন্ত্রণালয় হতে প্রকল্প কোড প্রাপ্তির লক্ষ্যে যে সকল প্রকল্পের ডিপিপি অনুমোদনার্থে ইতোমধ্যে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে সে সকল প্রকল্পের জনবল কাঠামোর প্রস্তাব ও সংযুক্তি (প্রতিটি ৬ সেট করে) অতিসত্বর মন্ত্রণালয়ে দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। বিষয়টি অতীব জরুরি।

১১-১১-২০২৫
মোঃ দেলোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর।
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা।
৪। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, নদী গবেষণা ইনস্টিটিউট।
৫। সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ।

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৪৪.২০.০০০২.২১.২১৭/১(১০)

তারিখ: ২৬ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১১ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
২। উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩। উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৫। উপসচিব, পরিকল্পনা-২ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৬। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৫ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৬ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৯। সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

১০। যুগ্মসচিব (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।

১১-১১-২০২৫
মোঃ দেলোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব